গাংনীতে ১২ মামলার সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

১২ টি মামালায় বিভিন্ন মেয়াদে ১২টি সাজাপ্রাপ্ত পরোয়ানাভূক্ত পলাতক আসামী শেখ লুৎফর রহমান জুয়েল(৩৩)কে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্প।

শেখ লুৎফর রহমান জুয়েল সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার নাজিমগঞ্জ বাজার এলাকার মোঃ আব্দুল ওহাবের ছেলে।

আজ মঙ্গলবার (১৯ মার্চ) ভোররাতের দিকে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্প গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা পৌরসভার কেদারগঞ্জ বাজারের মহিলা কলেজ রোডে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) এর সিপিস-৩ মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সিনিয়র এএসপি মনিরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃত জুয়েল সাতক্ষীরার কালীগঞ্জ থানার সিআর-২২৮/১৯, সিআর-৩৩৭/১৯, সিআর-৭০/১, সিআর-১৯৭/১৯, সিআর-৫৫/১৯, সিআর-৩১৫/১৯, সিআর-৩৪২/১৯, সিআর-৩৩৬/১, সিআর-৩২৩/১৯, সিআর-৪২৪/১৯, সিআর-৩২০/১৯, সিআর-৩৪১/১৯ নং মামলায় বিভিন্ন মেয়াদে সাজাপ্রাপ্ত। সে দীর্ঘদিন পলাতক ছিলেন।

গ্রেফতারকৃত আসামীকে পরবর্তী আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কালীগঞ্জ থানায় হস্তাস্তর করা হয়েছ।

দামুড়হুদা মডেল থানা পুলিশের

অভিযানে সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করা হয়েছে। আজ রবিবার বিকাল ৫টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের নতুন বাস্তপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলা নতুন বাস্তপুর গ্রামের মৃত ওয়াজ মন্ডলের ছেলে মোঃ আলী কদর।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান এর নেতৃত্বে দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে ৩ মাসের সাজাপ্রাপ্ত একজন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

আজ রবিবার বিকাল ৫ টার দিকে এসআই ইউসুফ আলী সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন নতুন বাস্তপুর গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়ারেন্টভুক্ত আসামি নতুন বাস্তপুর গ্রামের মোঃ আলী কদর কে গ্রেফতার করে।

দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত সাজা পরোয়ানাভুক্ত পলাতক আসামি আলী কদরকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা রয়েছে, তা বিচার প্রক্রিয়াধীন। আজ আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

চুয়াডাঙ্গায় চেক জালায়াতি মামলায় সাজাপ্রাপ্ত আসামি

গ্রেফতার

চুয়াডাঙ্গার কোটালী গ্রামের পৃথক ২টি চেক জালিয়াতি মামলায় সাজাপ্রাপ্ত আসামি শরিফুল ইসলামকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতারকৃত শরিফুলকে আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা থানাপুলিশ অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের কোটালী গ্রামের ছহিরদ্দিনের ছেলে শরিফুল ইসলাম ওরফে শরিফকে (৩৭) আজ শুক্রবার রাত ৩টার দিকে নিজবাড়ি থেকে গ্রেফতার করেছে। পুলিশ জানায় গ্রেফতারকৃত শরিফুল ইসলাম চেক জালিয়াতি একটি মামলায় তিন মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ১ লাখ ১৬ হাজার টাকা জরিমানা এবং অপর একটি মামলায় চার মাসের বিনাশ্রম কারাদন্ড এবং ২ লাখ ৫০ হাজার টাকা জরিমানা মামলার আসামী ছিলেন।

গ্রেফতারকৃত শরিফুলকে গতকালই আদালতে সোপর্দ করা হয়েছে।